

স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.৯৯.০১৯.২২-৫৭২

তারিখঃ

৩ চৈত্র ১৪২৮
১৭ মার্চ ২০২২

সদয় দৃষ্টি আকর্ষণঃ সম্পাদক
সকল জাতীয় দৈনিক

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড এর নিয়োক্ত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার স্বনামধন্য পত্রিকায় প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

খন্যবাদান্তে,

প্রকৌঃ গাজী শাহরিয়ার পারভেজ
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

ডেসকো কর্তৃক যথাযথ মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদযাপন

১৭ মার্চ ২০২২ তারিখে ডেসকো কর্তৃক যথাযথ মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদযাপন করা হয়।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে ১৭ মার্চ সকাল ৯.০০ ঘটিকায় বিদ্যুৎ ভবনে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক মোঃ কাওসার আমীর আলী। সেসময় আরোও উপস্থিত ছিলেন ডেসকো'র নির্বাহী পরিচালক (প্রশাসন ও এইচআর), যুগ্মসচিব খন্দকার জহিরুল ইসলামসহ অন্যান্য নির্বাহী পরিচালকবৃন্দ। এরপর ডেসকো'র প্রধান কার্যালয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর নেতৃত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। সকাল ১০:৩০ ঘটিকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে ডেসকো'র প্রধান কার্যালয়ে আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডেসকো'র নির্বাহী পরিচালক (প্রশাসন ও এইচআর) মহোদয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডেসকো'র ব্যবস্থাপনা পরিচালক মহোদয়। প্রধান অতিথি তার শৈশবের স্মৃতিচারণে ঐ সময়ে দেশকে স্বাধীন করার জন্য জাতির পিতার নেতৃত্বে আন্দোলন, সংগ্রাম এবং তাতে দেশের সর্বস্তরের মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের বিষয় তুলে ধরেন। তিনি আনন্দের সঙ্গে উল্লেখ করেন সোনার বাংলা গড়ে তোলার লক্ষ্যে জাতির পিতা মানুষের ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেয়ার স্বপ্ন দেখে ছিলেন, তারই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে মুজিববর্ষে দেশ শতভাগ বিদ্যুতায়িত হয়েছে। তিনি কর্মকর্তা-কর্মচারীগণকে জাতির পিতার আদর্শে উজ্জীবিত হয়ে শতভাগ গ্রাহকবান্ধব ডেসকো গড়ে তোলার আহবান জানান। সভাপতি মহোদয় তার বক্তব্যে জাতির পিতার আত্মজীবনীমূলক গ্রন্থ “কারাগারের রোজনামা” এবং “অসমাপ্ত আত্মজীবনী” হতে বিভিন্ন অংশ, বিশেষ করে জাতির পিতার শৈশবের বিভিন্ন ঘটনায় তাঁর প্রতিবাদী ও পরোপকারী চরিত্র তুলে ধরেন। তিনি জাতির পিতার আদর্শে জীবন গড়ে দেশের উন্নয়নে অবদান রাখার জন্য সকলের প্রতি আহবান জানান। নির্বাহী পরিচালক মহোদয় এবং অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ আলোচনায় অংশ নিয়ে জাতির পিতার আদর্শে উজ্জীবিত হয়ে দেশকে উন্নয়নের পথে এগিয়ে নেয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

এছাড়া, জাতির পিতার জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে ডেসকো'র পক্ষ হতে নিকুঞ্জস্থ মাদ্রাসা-ই-নুরিয়া ও এতিমখানায় পবিত্র কোরআন খতম ও দোয়ার আয়োজন এবং মাদ্রাসার এতিম ছাত্রদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন করা হয়।

সংযুক্তিঃ অনুষ্ঠানের ছবি।